

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা।
Website: www.chc.gov.bd / E-mail: customhousectg@gmail.com

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম শাখা/২৪/ই-টে: সে: নং-০১/২০২৪/৭০২

তারিখ: ১১/০২/২০২৪ খ্রি.


প্রাপক : ০১। সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট # এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা।

০২। প্রোগ্রামার,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিষয় : “ই-অকশন (টেন্ডার সেল নং-০১/২০২৪)” সংক্রান্ত নিলামের বিজ্ঞপ্তি ওয়েবসাইটে আপলোডকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখার কার্যক্রমকে স্বচ্ছ এবং গতিশীল করার লক্ষ্যে ই-অকশন এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। “ই-অকশন (টেন্ডার সেল নং-০১/২০২৪)” বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে ও কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েব সাইটে আপলোড/প্রচার করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি বিবেচ্য।



(মোঃ সেলিম রেজা)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

তারিখ: ১০/০২/২০২৪খ্রি.

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম শাখা/২৪/ই-টে: সে: নং-০১/২০২৪/

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। এডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৩। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অকশনিয়ার : মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।
- ৫। অফিস কপি।

(মোঃ সেলিম রেজা)
ডেপুটি কমিশনার অব কাস্টমস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

নিলাম শাখা।

Website: www.chc.gov.bd

E-Auction (টেন্ডার সেশন নং-০১/২০২৪) বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে রক্ষিত আমদানিকৃত অ-খালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে দরপত্র দাখিলে অত্রই নিলাম ক্রেতাগণ আগামী ১৪/০২/২০২৪ সকাল ৯.০০ টা হতে ২৭/০২/২০২৪ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত www.bangladeshecustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ আয়কর সনদ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে। দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যেকোন তফসিলি ব্যাংক হতে “কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম” এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং এর মূল কপি ও প্রযোজ্য দলিলাদি প্রতি লটের প্রাথমিকভাবে নির্বাচিত প্রথম ও দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে আগামী ০৭/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তা (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম এর দপ্তরে দাখিল করতে হবে।

পণ্য পরিদর্শনের তারিখ : লটভুক্ত মালামাল আগামী ১৯/০২/২০২৪ খ্রি. ও ২০/০২/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) : ২২/০২/২০২৪ খ্রি.।

প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব মোঃ ফজলে রাকী, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭১৬-২২৪১৬৩, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭২৬-১৯২৮৫৫ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিঘাট, চট্টগ্রাম (জনাব আমিনুর রহমান মানিক, মোবাইল: ০১৭১১-৪৪৮৭০৬, জনাব মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ- যেকোন কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম সংরক্ষণ করেন।


৯১০২২৪

মোঃ সেলিম রেজা

ডেপুটি কমিশনার (নিলাম)

